অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোর ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস উন্নত করার প্রকল্পসমূহকে ত্বরান্বিত করলেন

অগ্রিম তহবিল আউটার হার্বার এবং ক্যানালসাইডের চারটি মুখ্য প্রকল্পের কাজ শুরু করবে

নিউ কমার্শিয়াল অ্যাক্টিভিটি সেন্টার এবং মেট্রো রেল স্টেশনের DL&W টার্মিনালের 87 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ চলছে

টিফ্ট স্ট্রিট এবং লুইজিয়ানা স্ট্রিটের রোডওয়ে এবং নিরাপত্তা উন্নয়ন ওয়াটারফ্রন্ট পার্কওয়ে তৈরি করবে

প্রকল্পগুলি ওয়াটারফ্রন্ট অ্যাক্সেসিবিলিটি এবং বিনোদন বৃদ্ধি করবে, বিকাশ আরো বলিষ্ঠ করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বাফেলো ওয়াটারফ্রন্ট সংলগ্ন একাধিক উল্লেখযোগ্য প্রকল্পকে ত্বরান্বিত করা হবে। ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনকে (Erie Canal Harbor Development Corporation, ECHDC) নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) থেকে প্রদত্ত অগ্রিম তহবিল আউটার হার্বার ও ক্যানালসাইডের চারটি মুখ্য প্রকল্পের কাজ শুরু করবে। এই প্রকল্পগুলি বিনোদন ও পরিবহন ব্যবস্থার সম্পূরক হবে যা ওয়াটারফ্রন্টে পথচারীদের যাওয়ার সুযোগ এবং সমতার বিকাশ প্রসারিত করবে। ত্বরান্বিত পরিকল্পনাটি ক্যানালসাইডে 21 ঐতিহাসিক একর এবং বাফেলোর আউটার হার্বারের 200 একর পুনর্বাসন করার জন্য ECHDC-র নেতৃত্বে এক দশকের বেশি সময় ধরে করা অগ্রগতির অনুবর্তী, যার ফলে 300 মিলিয়ন মার্কিন ডলারের নতুন বিকাশকাজ এবং 1,000-র বেশি বার্ষিক ইভেন্ট অনুষ্ঠিত হয়েছে।

"আমরা বাফেলোর প্রত্যাবর্তনের কাহিনী লিখছি, এবং এর শুরু হয়েছে আমাদের শহরের অসীম সম্ভাবনা দিয়ে, যার মধ্যে আছে পার্ক, অবকাঠামো ও সুযোগ সুবিধা," **গভর্নর হোকল বলেন।** "আমরা আমাদের ওয়াটারফ্রন্টকে সম্পূর্ণ রূপান্তরিত করে এটিকে সকলের উপভোগ করার মতো একটি গন্তব্যে পরিণত করবো, এবং আমরা এখন এই প্রকল্পগুলির কাজ শুরু করার জন্য বিনিয়োগ করছি যাতে প্রত্যাশার পূর্বে এর কাজ শেষ করতে পারে। আমি প্রতিনিধি হিগিন্সকে ধন্যবাদ জানাচ্ছি এই প্রকল্পসমূহকে অগ্রাধিকার প্রদানের জন্য এবং ভবিষ্যৎ প্রজন্মের নিউ

ইয়র্কবাসীরা যাতে আমাদের স্টেটের সকল প্রাকৃতিক সৌন্দর্য এবং বিনোদনমূলক সুযোগ উপভোগ করতে পারে তা নিশ্চিত করার জন্য তার অংশীদারিত্বের জন্য।"

গভর্নর হোকলের নির্দেশে, NYPA ECHDC-র প্রতি পুনরায় লাইসেন্সিং চুক্তি (Relicensing Agreement, RA) এবং ইন্ডাস্ট্রিয়াল প্রণোদনা অ্যাওয়ার্ড (Industrial Incentive Award, IIA) পেমেন্ট দ্রুত প্রদান করবে, যা অন্যথায় প্রদান করতে প্রায় এক দশকের মতো সময় লেগে যেতে পারতো। NYPA ট্রাস্টি বোর্ড মার্চে RA পেমেন্টকে ত্বরান্বিত করার অনুমোদন দিয়েছে এবং তারা সেপ্টেম্বর মাসে IIA পেমেন্ট ত্বরান্বিত করাকে রিভিউ করবে বলে আশা করা যাচ্ছে। ফলস্বরূপ, ECHDC-র কাছে এই বছর 54.2 মিলিয়ন মার্কিন ডলার থাকবে, যা বাফেলোর ওয়াটারফ্রন্ট সংলগ্ন পরিকল্পিত প্রকল্পসমূহকে ত্বরান্বিত করবে, কিছু ক্ষেত্রে 3 বছর পর্যন্ত এগিয়ে আনবে। ECHDC এই তহবিল ব্যবহার করার প্রাথমিক অগ্রাধিকার হিসেবে ক্যানালসাইডের উইলকসন পয়েন্ট, বেল স্লিপ, গেটওয়ে ভবন এবং বাফেলো রিভারওয়াক সম্ভাব্যতা গবেষণাকে (Buffalo Riverwalk Feasibility Study) সনাক্ত করেছে। NYPA এর পূর্বে ECHDC-র প্রকল্পের কাজে সমর্থন হিসেবে তাদের জন্য 72.1 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করেছে। নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্পের (Niagara Power Project) 50 বছরের পরিচালনা লাইসেন্সের সময়কালজুড়ে, NYPA ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সুবিধা প্রদান করছে।

এছাড়াও বাফেলো হার্বার স্টেট পার্কের (Buffalo Harbor State Park) উন্নয়নের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যেখানে বিদ্যমান খেলার মাঠ ও ছাউনি কাঠামোর কাছে একটি স্প্ল্যাশ প্যাড স্থাপন করা হবে। প্রকল্পসমূহ এছাড়াও বিদ্যমান খেলারমাঠকে সম্প্রসারণ করে চারটি নতুন অ্যাক্সেসিবল খেলনা যোগ করবে। প্রকল্পের রেন্ডারিংসমূহ উপলভ্য আছে এখানে।

এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেছেন যে 87.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি প্রাক্তন ডেলাওয়্যার, ল্যাকাওয়ানা এবং ওয়েস্টার্ন (Delaware, Lackawanna and Western, DL&W) ট্রেনশেডকে পুনরায় ব্যবহার এবং পুনরায় সক্রিয় করবে যার কাজ চলছে। ট্রেনশেডটি বাফেলো নদীর ওয়াটারফ্রন্টে একটি নতুন বাণিজ্যিক কর্মকাণ্ডের কেন্দ্র হয়ে উঠবে যেখানে একটি নতুন মেট্রো রেল স্টেশন থাকবে যা ক্যানালসাইড ও কবলস্টোন জেলাসমূহে অঞ্চলের সবথেকে জনপ্রিয় কিছু আকর্ষণে জনগণের যাতায়াত উন্নত করবে, যা বিগত এক দশকে ব্লাইটেড ল্যান্ডস্কেপ থেকে রূপান্তরিত হয়ে প্রথম সারির ওয়াটারফ্রন্ট গন্তব্য হয়ে উঠেছে।

প্রথম দুটি পর্যায় DL&W ট্রেনশেডে একটি মেট্রো রেল স্টেশন নির্মাণ করবে এবং বর্তমানের ইরি ক্যানাল হার্বার স্টেশন (Erie Canal Harbor Station) টার্মিনাস থেকে ট্রেনশেডে মেট্রো রেল সেবা বিস্তৃত করবে। প্রথম পর্যায়, যার মধ্যে রয়েছে রেল সিস্টেম ও সাইটের কাজ, দ্রুত শেষ হে এবং দ্বিতীয় পর্যায়, যার মধ্যে আছে ভবন, কাঠামো, এবং মেকানিক্যাল/বৈদ্যুতিক/প্লাম্বিংয়ের কাজ, তা 2024 সালে শেষ হবে। প্রকল্পটির একটি তৃতীয় পর্যায় DL&W ট্রেনশেডের কেন্দ্র ও বাহ্যিক অংশে উন্নয়ন করবে এবং ট্রেনশেডে বেসরকারি খাতের কর্মকাণ্ড হওয়ার জন্য প্রয়োজনীয় অন্যান্য উন্নয়ন করবে। নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষ (Niagara Frontier Transportation Authority) এছাড়াও কী ব্যাঙ্ক সেন্টার (Key Bank Center) পর্যন্ত স্কাইওয়াক সংযোগ নির্মাণ করবে এবং রিভারওয়াকের উন্নয়ন করবে।

রাষ্ট্রপতি বাইডেনের দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law) তহবিল নিয়ে, নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্টের (Department of Transportation) পাঁচ বছর মেয়াদি ক্যাপিটাল পরিকল্পনায় এছাড়াও রোডওয়ে উন্নত করার এবং টিফ্ট ও লুইজিয়ানা স্ট্রিটের নতুন ওয়াটারফ্রন্ট পার্কওয়ে সংলগ্ন নিরাপত্তা উন্নত করার একাধিক প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে রয়েছে ট্র্যাফিক শান্ত করা এবং দ্রুত গতিতে গাড়ি চালানো হ্রাস করতে, বাইক লেন স্থাপন ও টিফ্ট স্ট্রিটে একটি নতুন, মিশ্র ব্যবহারের পথ স্থাপন করতে 25 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগ। অতিরিক্ত 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ একটি নতুন ব্রিজ, স্ট্রিটস্কেপিং এবং লুইজিয়ানা স্ট্রিট সংলগ্ন পার্কওয়েতে উন্নত নিরাপত্তার অর্থায়ন করবে।

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "গত 15 বছরের বিনিয়োগ বাফেলোর ওয়াটারফ্রন্টকে একটি পুরনো, ইন্ডাস্ট্রিয়াল এবং অ্যাক্সেসিবল নয় এমন অবস্থা থেকে একটি প্রাণবন্ত, স্বাগত এবং সকলের জন্য গন্তব্যে রূপান্তরিত করেছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, আমরা এখন ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ওয়াটারফ্রন্ট অগ্রগতির গতি ত্বরান্বিত করতে পারবো। নতুন সুযোগ সুবিধা, উন্নত পার্ক ও পার্কওয়ে, আন্তঃসংযুক্ত ট্রেইল, এবং DL&W টার্মিনালের পুনর্জন্ম এখন আর সুদূর ভবিষ্যতের স্বপ্ন নয়, বরং আগামী কয়েক বছরের মধ্যেই ক্যানাল সাইড ও বাফেলোর আউটার হার্বার সংলগ্ন অর্থায়িত নিশ্চয়তা।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্প, যা বিদ্যুৎ কর্তৃপক্ষের ব্যবসা এবং অঞ্চল ও পুরো নিউ ইয়র্কের সরকারি গ্রাহকদের সুবিধার জন্য নায়াগ্রা নদীর পানিকে ব্যবহার করে নিম্ন খরচের বিদ্যুৎ উৎপাদন করে, 1961 সালের ফেব্রুয়ারি মাসে প্রথম কাজ শুরু করার পর থেকেই প্রকৌশলের একটি অনন্য নিদর্শন হয়ে আছে। NYPA-তে আমরা এইসব অর্থনৈতিক বিকাশ ও পরিবেশ উন্নয়ন প্রকল্পকে সমর্থন করতে পেরে অত্যন্ত খুশি, যার বাফেলো ওয়াটারফ্রন্টে একটি তাৎক্ষণিক উন্নয়নমূলক প্রভাব থাকবে।"

NYPA-র অগ্রিম পেমেন্ট এছাড়াও ক্যানালসাইড ও আউটার হার্বারে প্রকল্পসমূহকে ত্বরান্বিত করবে, এবং একই সাথে ECHDC-র চলমান পরিচালনা কাজ এবং ব্যবস্থাপনা প্রচেষ্টাকে সমর্থন করবে। স্টেট নিম্নের প্রকল্পসমূহকে ত্বরান্বিত করবে, এবং এছাড়াও ECHDC ভবিষ্যতে শুরু করার বা ত্বরান্বিত করার জন্য অতিরিক্ত প্রকল্প সনাক্ত করার কাজ করবে, এবং এক্ষেত্রে স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় কাজ করবে:

আউটার হার্বার

- উইলকসন পয়েন্ট: ECHDC সাইটটির পুনর্গঠনের জন্য 10.61 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে যাতে স্থায়ী সুযোগ সুবিধা এবং প্রোগ্রামিং ও ইভেন্টের জন্য পরিমার্জিত স্থান প্রদান করা যায়। একটি স্থায়ী, মৌসুমী কমফোর্ট স্টেশন নির্মিত হবে যেখানে খাদ্য, পানীয় এবং বাথরুম থাকবে এবং একইসাথে ডেক, লন এবং বালিময় স্থানে আনুষঙ্গিক বসার ব্যবস্থা থাকবে। এই এলাকাটি সাইটের কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু হয়ে উঠবে এবং ফ্যাসিলিটি ও সংলগ্ন লন ও খোলা স্থানে প্রোগ্রামিং, ইভেন্ট ও মৌসুমী বিনোদনকে সমর্থন করবে। এই গ্রীষ্মে এবং আগামী গ্রীষ্মে যেহেতু এখানে অনেক প্রোগ্রামিং রয়েছে, তাই প্রকল্পের কাজ শুরু হবে

2023 সালের ফল মৌসুমে এবং এটি 2025 সালে জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে। প্রকল্পের রেন্ডারিংসমূহ উপলভ্য এখানে।

- বেল স্লিপ: ECHDC বেল স্লিপে 5.83 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যার মধ্যে 2 মিলিয়ন মার্কিন ডলার আসছে বাফেলো বিলিয়ন 2 (Buffalo Billion 2) প্রোগ্রামিং থেকে। আসল টেক্সট্রন-বেল অ্যারোস্পেস "হোভারক্র্যাফট ভবনের" (Textron-Bell Aerospace "Hovercraft Building") অবশিষ্টাংশ সাইটের ইতিহাসের একটি অংশ হিসেবে থেকে যাবে, এবং একই সাথে স্লিপের উত্তরের এলাকাকে উন্নত ল্যান্ডস্কেপিং, বাথরুম ও পার্কিংসহ একটি কমফোর্ট স্টেশন দিয়ে পুনর্বিন্যাস করা হবে, যা একত্রে বেল স্লিপের স্থানে একটি নতুনত্ব নিয়ে আসবে। 2022 সালের অক্টোবর মাসের শুরুর দিকে কাজ শুরু করার পরিকল্পনা রয়েছে, এবং নতুন বেল স্লিপটি 2024 সালের বসন্তে জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে। প্রকল্পের রেন্ডারিংসমূহ উপলভ্য এখানে।

ক্যানালসাইড

- গেটওয়ে ভবন নির্মাণ: ECHDC একটি বহুতল, ইটের কাঠামোর, মেইন ক্যানালের উত্তর প্রান্ত সংলগ্নে নির্মিত এবং সামনে কমার্শিয়াল স্ট্রিট ব্রিজ ও ইমিগ্রেন্ট স্টেপস থাকবে এমন ভবনে 12.61 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। গেটওয়ে ভবনটি সকল দর্শনার্থীর জন্য প্রথম থামার স্থান হবে, এখানে তথ্য, গণ বাথরুম প্রদান করা হবে এবং দুইতলা ক্যানালসাইড সাইটের মধ্যে আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অ্যাক্সেসিবিলিটি প্রদান করা হবে, এবং একই সাথে এক স্থানে ওয়াটারফ্রন্ট কর্মকাণ্ড পরিচালনা করা হবে। প্রকল্পের রেন্ডারিংসমূহ উপলভ্য এখানে।

ওয়াটারফ্রন্ট অ্যাক্সেস

- বাফেলো রিভারওয়াক সম্ভাব্যতা গবেষণা: বাফেলো রিভারওয়াকে থাকবে বাফেলো নদী ও কেলি আইল্যান্ড উপকূলরেখা সংলগ্ন সার্বজনীনভাবে অ্যাক্সেসিবল এবং উঁচু ওয়াকওয়ের একটি সিস্টেম, মাছ ধরার পিয়ার এবং ডক পর্যায়ের প্রমিনেড, যা ক্যানালসাইড এবং আউটার হার্বারকে একটি অনন্য অভিজ্ঞতা দিয়ে সংযুক্ত করবে। বাফেলো রিভারওয়াকের ধারণাটি বাফেলো সিটি এবং র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন দ্বারা সমর্থিত, এদের উভয়ই এই গবেষণার অর্থায়নে অবদান রেখেছে। ইতিমধ্যে কুইন সিটি বাইক ফেরি এবং ওহায়ো স্ট্রিট বহু ব্যবহারের পথ বাস্তবায়ন করে ফেলা ECHDC এই 150,000 মার্কিন ডলারের সম্ভাব্যতা গবেষণার ঘাটতি মেটাতে এবং বাফেলো ওয়াটারফ্রন্টের এলাকাসমূহকে আরো ভালোভাবে যুক্ত করতে সম্প্রদায়ের একটি লক্ষ্য অগ্রসর করতে 41,250 মার্কিন ডলার প্রদান করবে। গবেষণাটির কাজ বর্তমানে চলছে এবং একটি চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করা হবে আসন্ন ফল মৌসুমে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং কমিশনার হোপ নাইট বলেন, "বাফেলো একটি উঠতি শহর, এবং গভর্নর হোকলের নেতৃত্বাধীনে ত্বরান্বিত হওয়া ওয়াটারফ্রন্টের পুনরুদ্ধার কুইন সিটির

লক্ষণীয় রূপান্তর প্রদর্শন করে। ক্যানালসাইড এবং আউটার হার্বারের বিস্তৃতি সরকারি উন্নয়ন পানির প্রান্তে বিনোদন ও পর্যটন উভয়কে নিয়ে আসে, যে স্থানটি বহুদিন ধরে খালি পড়ে ছিলো, এবং একইসাথে ওয়াটারফ্রন্টের অ্যাক্সেসিবিলিটি ও অঞ্চলের অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্কস, রিক্রিয়েশন, এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসের (New York State Office of Parks, Recreation, and Historic Preservation) কমিশনার এরিক কুলেসিড বলেন, "বাফেলো হার্বার হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে বাফেলোর দুর্দান্ত ওয়াটারফ্রন্ট উপভোগ করতে দিয়েছে, এবং গভর্নর হোকলের ঘোষিত উন্নয়নসমূহ সকল দর্শনার্থীর জন্য এই সুযোগকে উন্নত করবে। আমি বাফেলো ওয়াটারফ্রন্টের প্রতি এবং আমাদের সকল নিউ ইয়র্ক স্টেট পার্কের প্রতি গভর্নরের চলমান সমর্থনের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্টের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট বাফেলো সিটির প্রতি ঐতিহাসিক প্রতিশ্রুতি গ্রহণ করছে যা আগামী অনেক দশকের জন্য অর্থনৈতিক বিকাশ ও সমৃদ্ধিকে ইন্ধন প্রদান করবে। ওয়াটারফ্রন্টে বিনিয়োগ থেকে শুরু করে আমাদের রূপান্তরকারী কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্প পর্যন্ত, আমরা বাফেলো সিটির সম্প্রদায়সমূহকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সাথে সংযুক্ত করবে এমন বুদ্ধিমান পরিবহন প্রকল্প দ্বারা একটি উত্তম ভবিষ্যৎ তৈরির কাজে সাহায্য করছি।"

স্টেটের সিনেটর শন রায়ান বলেন, "আমাদের সুন্দর ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস হলো বাফেলোকে বসবাস ও বেড়ানোর জন্য দারুণ একটি শহর বানানোর অন্যতম জিনিসগুলির একটি। এই বিনিয়োগগুলি পরিবারসমূহের জন্য আউটার হার্বার, ক্যানালসাইডে এবং লেক ইরি সংলগ্ন দারুণ সব আকর্ষণীয় স্থানে যাওয়া আসা করা নিরাপদতর করবে। আমি ওয়াটারফ্রন্টের সাথে সম্প্রদায়ের সংযোগের গুরুত্ব উপলব্ধি করার জন্য এবং এই রূপান্তরকারী প্রকল্পসমূহের অর্থায়ন করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য জনাথন রিভেরা বলেন, "আমি বাফেলোর ওয়াটারফ্রন্টে তার অব্যাহত বিনিয়োগের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি। গভর্নরের সর্বশেষ মূলধন শুধু আমাদের শহরের সবথেকে মূল্যবান সম্পত্তিতে পথচারীদের যাতায়াত উন্নত করবে না, এটি এর পাশাপাশি এইসব করিডোর সংলগ্ন অতি প্রয়োজনীয় বিকাশ উদ্যোগেরও সূচনা করবে, নতুন ও আকর্ষণীয় বাণিজ্যিক সুযোগ শুরু করবে এবং ওয়াটারফ্রন্ট পার্কওয়ের স্থায়ী ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য নিরাপত্তা উন্নত করবে।"

অ্যাসেম্বলি সদস্য মনিকা পি. ওয়ালেস বলেন, "এটি বাফেলো এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য একটি দারুণ দিন। আজকের ঘোষিত প্রকল্পসমূহ আমাদের সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করবে, পর্যটনকে জোরদার করে আমাদের স্থানীয় অর্থনীতির বিকাশ করবে, এবং আউটার হার্বার ও ক্যানালসাইড উভয়কে বিশ্বমানের গন্তব্য বানাতে সাহায্য করবে। আমি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অব্যাহতভাবে অগ্রগতি করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এবং আমি প্রতিনিধি হিগিন্স, সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, এবং বাইডেন প্রশাসনকে ধন্যবাদ জানাচ্ছি এইসব অত্যাবশ্যকীয় বিনিয়োগ সম্ভব করতে অবকাঠামো বিধিমালা পাশ করার জন্য"।

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলোনকার্জ বলেন, "আজকের ঘোষণাটি ইরি কাউন্টি এবং সমগ্র ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য একটি দারুণ খবর এবং এটি আরেকবার প্রদর্শন করলো যে কীভাবে গভর্নর হোকল এবং আমাদের WNY প্রতিনিধিদল আমাদের জন্য ফলাফল নিয়ে আসছে। NYS পার্কে বিনিয়োগের সাথে মিলিত হয়ে উল্লেখযোগ্য অবকাঠামোর উন্নয়ন হতে যাচ্ছে এবং এগুলি এই রত্নগুলিকে পূর্বের যেকোনও সময়ের থেকে বেশি অ্যাক্সেসিবল এবং আমন্ত্রণকারী করবে। আমি আজকের এবং ভবিষ্যতের জন্য আমাদের অঞ্চলকে উন্নত করতে গভর্নর হোকলের অবিচল মনোযোগের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

NYPA সম্পর্কে

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য www.nypa.gov এ যান।

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন সম্পর্কে

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন (ECHDC) ভোট দেয়ার ক্ষমতাসম্পন্ন সাতজন এবং ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টর সহ মোট নয়জন-সদস্যের একটি বোর্ড দ্বারা পরিচালিত হয়। এই সাতজন ভোট পরিচালকের সুপারিশ করেন নিউ ইয়র্ক স্টেট গভর্নর এবং ECHDC-এর একমাত্র শেয়ারহোল্ডার হিসেবে নিউ ইয়র্ক স্টেট আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Urban Development Corporation), যারা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নামে কাজ করে, তাদের দ্বারা নিয়োগ করা হয়। ইরি কাউন্টির এক্সিকিউটিভ ও বাফেলো সিটির মেয়র ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টরের পদে অধিষ্ঠিত রয়েছেন।

স্টেটের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) সাবসিডিয়ারি হিসেবে, ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন ক্যানেলসাইডে, ওহাইয়ো স্ট্রিট করিডর ও আউটার হার্বারে এমন পরিকাঠামো তৈরি করতে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত ক্রিয়াকলাপের আয়োজন করতে সহায়তা করে যেগুলো বহু মানুষকে আকর্ষণ করছে, বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করছে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জল সংলগ্ন এলাকাগুলি উপভোগ করাকে সমৃদ্ধ করছে। এর ভিশন হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জলপথকে পুনরুজ্জীবিত করা এবং এই অঞ্চলের গর্বিত ইতিহাস, নাগরিক গুরুত্ব ও প্রাকৃতিক সৌন্দর্যের উপর ভিত্তি করে বাফেলোর অর্থনৈতিক সমৃদ্ধি ফিরিয়ে আনা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418